

প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ঋণ আদায় ও আইন বিভাগ

পরিপত্র নং-০৯/২০১৮

তারিখ: ২১.০৩.২০১৮

বিষয়ঃ কেন্দ্রীয় হিসাব বিভাগের পরিচালনাধীন “ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম” তহবিল এসটিডি হিসাবের মাধ্যমে পরিচালনা ও বিনিয়োগ প্রসঙ্গে।

ব্যাংকের পরিচালনা পর্ষদের ৩০.১২.২০১৩ তারিখে ১৮তম সভায় “ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম” নীতিমালা সংশোধন ও চূড়ান্ত অনুমোদন হয়।

২.০ এ নীতিমালা মোতাবেক অভিবাসন ঋণ গ্রহীতাদের নিকট হতে বাধ্যতামূলকভাবে নির্ধারিত হারে চাঁদা আদায়ের মাধ্যমে এ তহবিল গঠিত হয়। এ তহবিল গঠনকালে বিনিয়োগের কোন নীতিমালা গ্রহণ করা হয়নি। বিনিয়োগের মাধ্যমে তহবিলটি বৃদ্ধি করা হলে অধিক সংখ্যক ক্ষতিগ্রস্ত ঋণ গ্রহীতাদেরকে সুবিধা প্রদানপূর্বক দ্রুত ঋণদায় সমন্বয় সহায়ক হবে। এ তহবিল বর্তমান স্থিতি ৪,২৪,৭১,৫৭৬/- (চার কোটি চব্বিশ লক্ষ একাত্তর হাজার পাঁচশত ছিয়াত্তর) টাকা মাত্র।

৩.০ তহবিলটি একটি এসটিডি হিসাবের মাধ্যমে পরিচালনার প্রস্তাব পরিচালনা পর্ষদের ১৫.০৩.২০১৮ তারিখের ৪৭তম সভায় উপস্থাপন করলে পর্ষদ নিম্নোক্ত সিদ্ধান্ত অনুমোদন করে।

ক. মহাব্যবস্থাপক (জ্যেষ্ঠতম) এর সভাপতিত্বে ৪(চার) সদস্য বিশিষ্ট এক তহবিল ব্যবস্থাপনা কমিটি গঠিত হবে, যার রূপরেখা নিম্নরূপঃ

ক্রম নং	পদবী	কমিটির পদধারিতা
১	মহাব্যবস্থাপক (জ্যেষ্ঠতম)	সভাপতি
২	বিভাগীয় প্রধান (কেন্দ্রীয় হিসাব বিভাগ)	সদস্য
৩	কর্মকর্তা (ঋণ ও অগ্রীম বিভাগ)	সদস্য
৪	কর্মকর্তা (ঋণ আদায় ও আইন বিভাগ)	সদস্য ও সদস্য সচিব

খ. প্রবাসী কল্যাণ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা (ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম তহবিল) শিরোনামে একটি এসটিডি হিসাব খুলতে হবে এবং কমিটির যে কোন ২(দুই) জনের যৌথ স্বাক্ষরে হিসাবটি পরিচালিত হবে।

গ. কেন্দ্রীয় হিসাব বিভাগ এসটিডি হিসাব খোলার পর প্রতি মাসের জমাকৃত স্থিতি পরবর্তী মাসের ৭ কর্মদিবসের মধ্যে এসটিডি হিসাবে স্থানান্তর করবে এবং কেন্দ্রীয় হিসাব বিভাগ তা মনিটরিং করবে।


ঘ. কমিটি তহবিল পরিস্থিতি পর্যালোচনা করে নিয়মিত পরিচালনপূর্বক বিনিয়োগ করবে।


ঙ. কমিটি প্রতি দুই মাস পর পর তহবিল পরিস্থিতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করবে।

চ. কমিটি “ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম” তহবিলের আওতায় অনুমোদন মোতাবেক ঋণদায় সমন্বয়ের ব্যবস্থা করবে।

ছ. কমিটি সার্বিকভাবে তহবিল পরিচালনায় কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

৩.০ এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।


(চৌধুরী গোলাম রহমান)
বিভাগীয় প্রধান/এসপিও


(মোঃ জহির রায়হান)
মহাব্যবস্থাপক (অপারেশন)

অনুলিপি ও সদয় কার্যার্থেঃ

- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- মহাব্যবস্থাপক(প্রশাসন/অপারেশন) প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- বিভাগীয় প্রধান মানব সম্পদ বিভাগ/ঋণ ও অগ্রীম/ঋণ আদায় ও আইন বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- বিভাগীয় প্রধান, কেন্দ্রীয় হিসাব বিভাগ, যথাযথ ব্যস্তবায়নের জন্যে, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- বিভাগীয় প্রধান, আইটি, ওয়েব সাইটে প্রকাশের জন্যে, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- অফিস কপি।